# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৮৬

পর্ব-১৭: দণ্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

---

## আরবী

وَعَنْهُ أَنَّهُ قَالَ: «مَنْ أَتَى بَهِيمَةً فَلَا حَدَّ عَلَيْهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَقَالَ التِّرْمِذِيُّ: عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ أَنَّهُ قَالَ: وَهَذَا أَصَحُّ مِنَ الْحَدِيثِ الْأَوَّلِ وَهُوَ: «مَنْ أَتَى بَهِيمَةً فَاقْتُلُوهُ» وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعلم

## বাংলা

৩৫৮৬-[৩২] উক্ত রাবী [ইবনু ’আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি কোনো জন্তু-জানোয়ারের সাথে যিনা করে, তার ওপর (শার’ঈ) কোনো দণ্ড নেই। (তিরমিযী ও আবূ দাঊদ)[1]

ইমাম তিরমিযী (রহঃ) সুফ্ইয়ান সাওরী (রহঃ) হতে বর্ণনা করেন। তিনি বলেন, এ হাদীসটি পূর্বে বর্ণিত (যে জানোয়ারের সঙ্গে সঙ্গম করে তাকে তোমরা হত্যা কর) হাদীস হতে অধিক সহীহ। এ হাদীসের উপর ’উলামায়ে কিরামের ’আমল রয়েছে।

## ফুটনোট

[1] হাসান : তিরমিযী ১৪৫৫, আবূ দাঊদ ৪৪৬৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: মালিক এবং শাফি‘ঈ (রহঃ)-এর দু’মত এবং আবূ হানীফাহ্ ও আহমাদ (রহঃ)-এর মতে তাকে তিরস্কার করা হবে হত্যা করা হবে না।

আর ইসহক বলেনঃ নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও এমনটি করে তাহলে হত্যা করা হবে। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৪৫৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68913

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন